

## আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮ : ৬৪

আরবি মূল আয়াত:

قَالَ ذَلِكَ مَا كُنَّا نَبِغُ \* فَارْتَدَّا عَلَىٰ آثَارِهِمَا قَصَصًا ﴿٦٤﴾

অনুবাদসমূহ:

সে বলল, 'ঐ স্থানটিই আমরা খুঁজছি। তাই তারা তাদের পদচিহ্ন অনুসরণ করে পেছনে ফিরে গেল'। — আল-বায়ান

মূসা বলল, 'এটাই তো সে জায়গা যেটা আমরা খুঁজছি।' কাজেই তারা তাদের পায়ের চিহ্ন ধরে ফিরে গেল। — তাইসিরুল

মূসা বললঃ আমরা তো ঐ স্থানটিরই অনুসন্ধান করছিলাম; অতঃপর তারা নিজেদের পদচিহ্ন ধরে ফিরে চলল। — মুজিবুর রহমান

[Moses] said, "That is what we were seeking." So they returned, following their footprints. — Sahih International

৬৪. মূসা বললেন, আমরা তো সে স্থানটিরই অনুসন্ধান করছিলাম(১) তারপর তারা নিজেদের পদচিহ্ন ধরে ফিরে চলল। এরপর তারা সাক্ষাত পেল আমাদের।

(১) অর্থাৎ আমাদের গন্তব্যের এ নিশানীটিই তো আমাদের বলা হয়েছিল। এ থেকে স্বতঃস্ফূর্তভাবে এ ইংগিতই পাওয়া যায় যে, আল্লাহর ইংগিতেই মূসা আলাইহিস সালাম এ সফর করছিলেন। তার গন্তব্য স্থলের চিহ্ন হিসেবে তাকে বলে দেয়া হয়েছিল যে, যেখানে তাদের খাওয়ার জন্য নিয়ে আসা মাছটি অদৃশ্য হয়ে যাবে সেখানে তারা আল্লাহর সেই বান্দার দেখা পাবেন, যার সাথে সাক্ষাৎ করার জন্য তাকে পাঠানো হয়েছিল। [দেখুন, ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৬৪) মূসা বলল, 'আমরা তো সেটারই অনুসন্ধান করছিলাম।' অতঃপর তারা নিজেদের পদচিহ্ন ধরে ফিরে চলতে লাগল। [১]

[১] মূসা (আঃ) বললেন, আল্লাহর বান্দা! যেখানে মাছটি জীবিত হয়ে অদৃশ্য হয়েছে, সেটাই হচ্ছে আমাদের ঐ গন্তব্যস্থল, যার খোঁজে আমরা সফর করছি। তাই নিজেদের পায়ের চিহ্নকে অনুসরণ করে সেদিকেই প্রত্যাবর্তন করলেন, যদিও থেকে এসেছিলেন এবং দুই সমুদ্রের সঙ্গমস্থলে ফিরে গেলেন। قَصَصًا এর অর্থ, পিছনে পড়া, পিছে পিছে চলা। অর্থাৎ, পায়ের চিহ্নকে অনুসরণ করে তার পিছনে পিছনে চলতে লাগলেন।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2204>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন